



ল্যাপটপ বিতরণের পর শিক্ষার্থী ও অতিথিদের দল গ্রুপ ছবি

দুই হাজার শিক্ষার্থীকে ল্যাপটপ দিল ড্যাফোডিল

বিশ্ববিদ্যালয়ের দুই হাজার শিক্ষার্থী—সবার হাতে শোভা পাচ্ছে ল্যাপটপ কম্পিউটার। ঢাকার আতপিয়ায় ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি (ডিআইইউ) প্রাক্ষেপে গতকাল শনিবারের চিত্র ছিল এটি। 'এক হাত একটি ল্যাপটপ' প্রকল্পের আওতায় নিজেদের দুই হাজার শিক্ষার্থীকে গতকাল ল্যাপটপ প্রদান করেছে এই বিশ্ববিদ্যালয়।

ল্যাপটপ কম্পিউটার বিতরণের এ অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান আবদুল মান্নান। শিক্ষার্থীদের উদ্দেশে তিনি বলেন, 'ল্যাপটপ পাওয়া তোমাদের জন্য একটি মাইলফলক। এটি দিয়ে ভালো কাজ যেমন করা যায়, তেমনি খারাপ কাজও করা যায়। আশা করি তোমরা এ ল্যাপটপ নেতিবাচক কাজে ব্যবহার করবে না। এক একটি ল্যাপটপ যেন নিজেদের ভবিষ্যৎ গঠনে সহায়ক হয়।'

অনুষ্ঠানে ডিআইইউর বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান মো. সবুর খান বলেন, 'নিজেদের পেশা গড়ে তুলে শিক্ষার্থীরা একদিন এগিয়ে আসবে সমাজ গঠনে।'

ডিআইইউর উপাচার্য ইউসুফ এম ইসলাম এবং কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগের প্রধান আক্তার হোসাইন অনুষ্ঠানে বক্তৃতা করেন।

ল্যাপটপ দেওয়ার পর ডিআইইউর সাবেক উপাচার্য এম জুংফর রহমান শিক্ষা কার্যক্রমে ল্যাপটপের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করার প্রত্যয়ে শিক্ষার্থীদের শপথবাচা পাঠ করেন।

প্রসঙ্গত, ২০১০ সালের গ্রীষ্মকালীন সেমিস্টার থেকে 'এক হাত একটি ল্যাপটপ' প্রকল্প চালু করে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি। প্রকল্পটির আওতায় এ পর্যন্ত মোট ১২ হাজার শিক্ষার্থীকে বিনা মূল্যে ল্যাপটপ প্রদান করেছে। বিশ্ববিদ্যালয় থেকে এর আগে পাওয়া ল্যাপটপ ব্যবহার করে নিজেদের জীবন বদলাতে পেরেছেন এমন উনি শিক্ষার্থীকে চেক প্রদান করা হয় গতকাল। ল্যাপটপ পাওয়া শিক্ষার্থী উম্মে কুলসুম বলেন, 'ডিজিটালিজেশনের প্রক্রিয়া হিসেবে বিশ্ববিদ্যালয় থেকে ল্যাপটপ পেয়েছি। এটি আমাদের খুবই কাজে লাগবে।'

● মিত্তক চৌধুরী